

**ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস) –এর ধারা 35A –এর অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- দ্য আর এস কো-অপারেটিভ ব্যাঙ্ক
লিমিটেড, মুম্বই, মহারাষ্ট্র**

মুম্বই, মহারাষ্ট্র স্থিত দ্য আর এস কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -কে জুন 24, 2015 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে জুন 26, 2015 তারিখ কাজের শেষ থেকে বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতার মেয়াদ সময়ে সময়ে দৃষ্টব্য পরবর্তী আদেশবিধিগুলি অনুসারে বৃদ্ধি করা হয়েছে যার মধ্যে শেষটি হল সেপ্টেম্বর 22, 2016 তারিখাঙ্কিত আদেশ এবং যা বর্তমানে মার্চ 25, 2017 পর্যন্ত পর্যালোচনার সাপেক্ষে বলবত আছে।

জনসাধারণকে এতদ্বারা জানান হচ্ছে যে উক্ত আদেশবিধি যা জুন 24, 2015 তারিখে দ্য আর এস কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই, মহারাষ্ট্র-এর প্রতি জারি করা হয়েছিল, সময়ে সময়ে যা পরিমার্জিত হয়েছিল, সেগুলি আমাদের জানুয়ারি 31, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে আংশিকভাবে পরিমার্জিত হল, এবং তা পর্যালোচনার সাপেক্ষে মার্চ 25, 2017 পর্যন্ত মেয়াদকালে অব্যাহতভাবে প্রযোজ্য থাকবে। পরিমার্জনগুলি হল নিম্নরূপ:

(i) যদি ঋণগ্রহীতার সাথে ঋণ সম্মতিসনদের (লোন এগ্রিমেন্ট) বিধি ও শর্তাদিতে সেরকম উল্লেখ থাকে যে তাঁর নির্দিষ্ট আমানত অ্যাকাউন্ট (তাকে যে নামেই ডাকা হোক) থেকে রাশি তাঁর ঋণ অ্যাকাউন্টে বকেয়া রাশি পরিশোধের জন্য যথাযথভাবে স্থানান্তরণ / তৎসংক্রান্ত সামঞ্জস্যক্রিয়া সম্পাদন করা যাবে, তবে ব্যাংক আমানত রাশির ভিত্তিতে ঋণ রাশির পরিশোধ ক্রিয়া সম্পাদন করতে অনুমতি প্রাপ্ত; তবে ঋণ অ্যাকাউন্টে এরূপে বকেয়া রাশির পরিমাণ অবধি যথাযথ স্থানান্তরণ / সামঞ্জস্যক্রিয়া সম্পাদন অনুমোদিত হবে নিম্নলিখিত অতিরিক্ত শর্তগুলির সাপেক্ষে:

a) সামঞ্জস্যক্রিয়া সম্পাদনের তারিখে অ্যাকাউন্টটিকে কেওয়াইসি নীতি অনুপালিত হতে হবে।

b) তৃতীয় পক্ষের অধীনে থাকা আমানতরাশি যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কিন্তু গ্যারান্টর/সিয়ারিটির প্রতি সীমিত থাকবে না, সেই রাশির স্থানান্তরণ / সামঞ্জস্যক্রিয়া সম্পাদনের অনুমতি নেই।

c) এই সুযোগটিকে প্রয়োগ করা যাবে আমানতকারীকে যথোপযুক্ত নোটিশ প্রেরণ করে/ তার সম্মতির সাপেক্ষে, সাধারণতঃ সেই সমস্ত ক্ষেত্রগুলিতে যেখানে স্থানান্তরণ/সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদনে অধিকতর বিলম্ব হলে ঋণরাশিটি অনুৎপাদক সম্পদে (এন পি এ) পরিণত হতে পারে। স্ট্যান্ডার্ড ঋণরাশির সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন করতে (যেগুলিতে নিয়মিতভাবে প্রয়োজনীয় কাজকর্ম- পরিশোধাদান করা হয়ে থাকে) তথা ঋণ সম্মতিসনদের বিধি ও শর্তাদির থেকে কোনও প্রকার অপসারণ ঘটলে আমানতকারী- ঋণগ্রহীতার আগাম লিখিত সম্মতির প্রয়োজন হবে।

d) আমানত বা সেটির ভিত্তিতে সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন কোনও বিধিনিষেধের শর্তাধীন হবে না যেমন আইনি আদালত বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ অথবা আইনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্তৃপক্ষ দ্বারা জারিকৃত অ্যাটাচমেন্ট অর্ডার/ প্রহিবিটরি অর্ডার, আরনেস্ট মানি ডিপোজিট, ট্রাস্টের বাধ্যবাধকতা, তৃতীয় পার্টিক লিয়েন- যা স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট ইত্যাদির বিধানের অধীনে জারি করা হয়েছে।

উক্ত পরিমার্জনের বিজ্ঞপ্তি সহ জানুয়ারি 31, 2017 তারিখাঙ্কিত আদেশবিধিটির প্রতিলিপি সাধারণের জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত মেয়াদবৃদ্ধি এবং/ অথবা পরিমার্জন স্বতই এই ইঙ্গিত দিচ্ছে বলে মনে করা সমীচীন নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাপ্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট।

অজিত প্রসাদ

সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি : 2016-2017/2102